

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২৬, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

ঢাকা, ৯ই শ্রাবণ, ১৪০০ বাং/২৪শে জুলাই, ১৯৯০ ইং

এস. আর. ও নং ১৪৫-আইন/৯২/৭৯-মুসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ নৌ-বাহিনীর সমুদ্রগামী জাহাজের কর্মকর্তা ও নাবিকদের ভেগের নিম্নলিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর Heading No. 24-02 এবং উহার H. S. Code 2402-20-00 এর আওতাভুক্ত তামাকের তৈরী সিগারেটকে উহার উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদম্বারা অব্যাহতি প্রদান করিলেনঃ—

শর্তাবলী :

- (ক) করমুক্ত সিগারেট গ্রহণকল্পে নৌ-বাহিনীর সংশ্লিষ্ট জাহাজের অধিনায়ক বা নৌ-বাহিনীর সদর দপ্তরের উপযুক্ত কর্তৃপক্ষ সিগারেট সরবরাহকারীর নিকট ফরমায়শ-কৃত সিগারেটের ব্রান্ড এবং পরিমাণ উল্লেখপূর্বক এই মর্মে প্রত্যায়নপত্র প্রদান করিবেন যে, উক্ত সিগারেট তাহার অধীনস্থ সমুদ্রগামী জাহাজের কর্মকর্তা ও নাবিকদের ভেগের (ধূমপানের) জন্য বিতরণ করা হইবে ;
- (খ) উক্ত প্রত্যায়নপত্রের একটি অনুলিপি সরবরাহকারীর কার্যালয় যে এলাকায় অবস্থিত উক্ত এলাকার উপর এখতিয়ারসম্পন্ন সংশ্লিষ্ট শুল্ক, আবগারী ও ভ্যাট কর্মকর্তার নিকট প্রেরণ করিতে হইবে ;

(২৪৯১)

মূল্য: টাকা ১.০০

- (গ) সরবরাহকারী সিগারেটের প্রতিটি শলা, প্যাকেট ও পার্শেলের গায়ে "Duty Free for B. N. Ships" শব্দগুলি স্পষ্ট অক্ষরে মূদ্রণ করিবেন ;
- (ঘ) সরবরাহকারী প্রতিমাসে সরবরাহকৃত সিগারেটের ব্রান্ডভিত্তিক পরিমাণ, উহার উপর আরোপণীয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের পরিমাণ সম্বলিত একটি বিবরণী উক্ত মাসের পরবর্তী মাসের দশ তারিখের মধ্যে উপরোক্ত বিভাগীয় কর্মকর্তার নিকট প্রেরণ করিবেন।

২। এই প্রজ্ঞাপন ১৭ই আষাঢ়, ১৪০০ মোতাবেক ১লা জুলাই, ১৯৯০ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ডঃ আকবর আলি খান

সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মূদ্রণালয়, ঢাকা কর্তৃক মূদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।